দৈনিক ইনকিলাব

তারিখ 21 SEP 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

## স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের করুণ অবস্থা

বর্তমান সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করেছেন এবং শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ করা হয়েছে। প্রতিটি থানায় শিক্ষার বিনিময়ে খাদ্য এই কর্মসূচীর আওতায় এনেছেন। সরকারী কর্মচারীদের পে-স্কেল দিয়েছেন এবং প্রাথমিক সরকারী, বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসায় শিক্ষকদের বেতন-ভাতা বাড়িয়ে দিয়েছেন, তাতে সরকারের প্রশংসা না করে পারছি না। সাথে সাথে বিস্ময় ও দুঃখ প্রকাশ করছি এজন্য যে, দেশের প্রতিটি ইউনিয়নে একটি করে বাছাইকৃত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা। এই মাদ্রাসার চারজন শিক্ষকদের মধ্যে দুই-তিন জন করে বিল পায়। তারা মাসিক ৫শ' টাকা করে সরকারী অনুদান ভাতা পাচ্ছে। বর্তমান ৫শ' টাকা মাসিক বেতন পেয়ে এদের জীবন কিভাবে চলবে? এরা মানবাধিকার থেকে বঞ্চিত। মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রীর কাছে আমার আকুল আবেদন— এই সম্মানিত শিক্ষকদের বেতন বিল বাড়িয়ে এবং এদের ব্যাপারে বর্তমান সরকারের কোন সুদৃষ্টি আছে কিনা থাকলে দেশবাসীকে জানালে কৃতজ্ঞ হব।

—মোঃ শহীদুল্লাহ
প্রধান শিক্ষক, ধারাবর্ষা স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা,
সরিষাবাড়ী, জামালপুর।